গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ৭৫/২০১৮-১৯
ঢাকা, সোমবার ১৫ অক্টোবর ২০১৮, ৩০ আশ্বিন ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। পদ্মাসেতু হলে দেশের প্রবৃদ্ধি ১০ শতাংশে উন্নীত হবে : প্রধানমন্ত্রী

২। জাতীয় ঐক্যফ্রন্ট সুবিধাবাদীদের মঞ্চ : প্রধানমন্ত্রী

৩। পদ্মাসেতুর রেলসংযোগ প্রকল্প উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

৪। ডিজিটাল নিরাপত্তা আইনের প্রয়োজনীয়তা কূটনীতিকদের জানাল সরকার

৫। আইপিইউ এসেম্বলিতে অংশ নিতে জেনেভার উদ্দেশে স্পিকারের ঢাকা ত্যাগ

৬। ডিজিটাল নিরাপত্তা আইন সংশোধনের সুযোগ এখনও রয়েছে : তথ্যমন্ত্রী

৭। প্রযুক্তিনির্ভর শিক্ষা বিস্তারে কাজ করছে সরকার : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী

৮। ডে-কেয়ার আইন প্রণয়নে কাজ করছে সরকার : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

৯। শারদীয় দুর্গোৎসব শুরু আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী

১০। শারদীয় দুর্গাপূজায় পর্যাপ্ত নিরাপত্তাব্যবস্থা গ্রহণ : ডিএমপি কমিশনার

১১। তথ্যপ্রযুক্তি খাতে ছয় পুরস্কার পেল বাংলাদেশ

চলমান পাতা-২

১। **পদ্মাসেতু হলে দেশের প্রবৃদ্ধি ১০ শতাংশে উন্নীত হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১৪ অক্টোবর রোববার) মুন্সীগঞ্জের লৌহজংয়ের মাওয়া টোলপ্লাজা এলাকায় এক সুধী সমাবেশে বলেছেন, পদ্মাসেতুর নির্মাণকাজ শেষ হলে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ১০ শতাংশে উন্নীত হবে। তিনি বলেন, বর্তমানে প্রবৃদ্ধি আছে ৭ দশমিক ৮৬ শতাংশ। পদ্মাসেতু চালু হলে বাড়বে আরও ১ দশমিক ২ শতাংশ। আর রেলসেতু হয়ে গেলে মোট প্রবৃদ্ধি বাড়বে ২ শতাংশ। ফলে ভবিষ্যতে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ১০ শতাংশে উন্নীত হতে কোনো সমস্যা হবে না। প্রধানমন্ত্রী বলেন, দেশি-বিদেশি নানা ষড়যন্ত্রের কারণে বিশ্বব্যাংকসহ বিভিন্ন দাতা সংস্থা কথিত দুর্নীতির অভিযোগ তুলে প্রতিশ্রুত অর্থায়নে বিরত থাকে। এ অবস্থায় বিশাল চ্যালেঞ্জ নিয়েই পদ্মাসেতু নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছিল। পদ্মাসেতুর নির্মাণকাজ শেষ হলে যারা এটা নিয়ে ষড়যন্ত্র করেছিল, দেশের ভাবমূর্তি নষ্ট করতে চেয়েছিল, তাদের উপযুক্ত জবাব দেওয়া সম্ভব হবে। প্রধানমন্ত্রী বলেন, ইতোমধ্যেই পদ্মাসেতু প্রকল্পের কাজ ৬০ ভাগ সম্পন্ন হয়েছে। পদ্মাসেতু চালু হওয়ার পর দেশের দক্ষিণাঞ্চলের মানুষের যাতায়াতের সুবিধা বাড়বে, ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটবে এবং তাদের জীবনযাত্রার উন্নয়ন হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

২। **জাতীয় ঐক্যফ্রন্ট সুবিধাবাদীদের মঞ্চ : প্রধানমন্ত্রী**

বিএনপি'র সঙ্গে ড. কামাল হোসেনের জাতীয় ঐক্যফ্রন্ট গড়ার কঠোর সমালোচনা করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, এটি খুনি এবং সুবিধাবাদীদের মঞ্চ। ড. কামাল হোসেন, যিনি নিজেকে একজন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন আইনজীবী দাবি করেন, তিনি খুনিদের সঙ্গে ঐক্য করেছেন। তিনি তারেক রহমানের সঙ্গে হাত মিলিয়েছেন, বাংলাদেশের জনগণের কাছে যার কোনো গ্রহণযোগ্যতা নেই। মাদারীপুরের শিবচর উপজেলায় কাঁঠালবাড়ি ইলিয়াস আহমেদ চৌধুরী ফেরিঘাটে গতকাল (১৪ অক্টোবর রোববার) উপজেলা আওয়ামী লীগ আয়োজিত জনসভায় দেওয়া ভাষণে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.২), **ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৭)।

৩। **পদ্মাসেতুর রেলসংযোগ প্রকল্প উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী**

দীর্ঘ অপেক্ষার পর শুরু হলো পদ্মাসেতুর রেলসংযোগ প্রকল্পের নির্মাণকাজ। পদ্মাসেতু হয়ে ঢাকা থেকে যশোর পর্যন্ত ২১৫ দশমিক ২২ কিলোমিটার ব্রডগেজ রেলপথ নির্মাণ করা হবে। গতকাল (১৪ অক্টোবর রোববার) মাওয়া প্রান্তে ফলক উন্মোচনের মাধ্যমে রেলসংযোগ কাজের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় পদ্মাসেতুর নামফলক, সেতুর ৬০ শতাংশ কাজের অগ্রগতি এবং মাওয়া-কান্দিপাড়া-জসোলদিয়া এলাকায় ১ হাজার ৩০০ মিটার নদীতীর স্থায়ী সুরক্ষাকাজের উদ্বোধন করেন তিনি। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৮)।

৪। **ডিজিটাল নিরাপত্তা আইনের প্রয়োজনীয়তা কূটনীতিকদের জানাল সরকার**

আলোচিত ডিজিটাল নিরাপত্তা আইনের বিষয়ে বিদেশি কূটনীতিকদের অবহিত করেছে সরকার। কেন এ আইনটি প্রয়োজন তা ব্যাখ্যা করেছে সরকার। এছাড়া ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলার রায়সহ সাম্প্রতিক রাজনৈতিক পরিস্থিতি সম্পর্কেও কূটনীতিকদের জানানো হয়। গতকাল (১৪ অক্টোবর রোববার) পররাষ্ট্রমন্ত্রী এএইচ মাহমুদ আলী ও আইনমন্ত্রী আনিসুল হক রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় কূটনীতিকদের ব্রিফ করেন। এ সময় পররাষ্ট্র প্রতিমন্ত্রী এম শাহরিয়ার আলম ও পররাষ্ট্র সচিব এম শহীদুল হক উপস্থিত ছিলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

৫। **আইপিইউ এসেম্বলিতে অংশ নিতে জেনেভার উদ্দেশে স্পিকারের ঢাকা ত্যাগ**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী ১৩৯তম ইন্টার পার্লামেন্টারি ইউনিয়ন (আইপিইউ) এসেম্বলিতে অংশ নিতে গতকাল (১৪ অক্টোবর রোববার) জেনেভার উদ্দেশে ঢাকা ত্যাগ করেন। আইপিইউ ও সুইস পার্লামেন্টের আয়োজনে সুইজারল্যান্ডের জেনেভায় ১৪-১৮ অক্টোবর পর্যন্ত এ এসেম্বলি অনুষ্ঠিত হচ্ছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৩,ক.৫), **যায়যায়দিন** (পৃ.১৫,ক.১)।

৬। **ডিজিটাল নিরাপত্তা আইন সংশোধনের সুযোগ এখনও রয়েছে : তথ্যমন্ত্রী**

ডিজিটাল নিরাপত্তা আইন নিয়ে সম্পাদক পরিষদের সঙ্গে আলোচনা বন্ধ হয়ে যায়নি, অব্যাহত আছে। গতকাল (১৪ অক্টোবর রোববার) সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে অনির্ধারিত এক প্রেস ব্রিফিংয়ে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু এ কথা বলেন। যে কোনো সময় এ নিয়ে মন্ত্রিসভায় আলোচনা হওয়ার বিষয়ে আশাবাদ ব্যক্ত করে তিনি বলেন, সংসদে পাস হওয়া আইনে স্বাক্ষর করা রাষ্ট্রপতির রুটিন ওয়ার্ক। তিনি সেটিই করেছেন। এখনও আইন

সংশোধনের যথেষ্ট সুযোগ রয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.৮), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৮)।

৭। প্রযুক্তিনির্ভর শিক্ষা বিস্তারে কাজ করছে সরকার : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, বর্তমান সরকার শুধু শিক্ষার উন্নয়নে নয়, প্রযুক্তিনির্ভর যুগোপযোগী আধুনিক শিক্ষার বিস্তারেও কাজ করছে। বিশ্বমানের এ শিক্ষা গ্রহণ করে এদেশের শিক্ষার্থীরা যে কোনো প্রতিযোগিতার মুখোমুখি হওয়ার সক্ষমতা লাভ করবে। প্রযুক্তিনির্ভর শিক্ষায় শিক্ষিত হতে পারলে কোনো তরণ-তরুণীকে কর্মসংস্থানের সুযোগ নিয়ে ভাবতে হবে না। কর্মই তাদের খুঁজে নেবে। ২০২১ সালে তথ্যপ্রযুক্তিখাতে ৩০ লাখ মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। গতকাল (১৪ অক্টোবর রোববার) নয় কোটি টাকা ব্যয়ে নাটোরের সিংড়া গোল-ই-আফরোজ সরকারি কলেজের ছয়তলা বিশিষ্ট একাডেমিক ভবন নির্মাণকাজের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন । সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.১), **ভোরের কাগজ** (পৃ.২,ক.৫)।

৮। ডে-কেয়ার আইন প্রণয়নে কাজ করছে সরকার : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বলেছেন, কর্মজীবী নারীর শিশু সন্তানকে লালনপালনের ক্ষেত্রে ব্যক্তিগত উদ্যোগ বাড়াতে এবং নতুন নতুন ডে-কেয়ার স্থাপনে উৎসাহ দিতে ডে-কেয়ার আইন প্রণয়নে কাজ করছে সরকার। গতকাল (১৪ অক্টোবর রোববার) রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় এবং ইউএন উইমেন বাংলাদেশ এর আয়োজনে সিডো ৬৫ মিটিংয়ের নির্দেশনা বাস্তবায়নে বিভিন্ন মন্ত্রণালয়ের করণীয় নির্ধারণ বিষয়ক এক আন্তঃমন্ত্রণালয় সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, সারাদেশে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় ৯৮টি ডে-কেয়ার কেন্দ্র স্থাপন করেছে। এ ক্ষেত্রে ব্যক্তিগত অংশগ্রহণকে উৎসাহিত করতেই একটি আইন প্রণয়নের কাজ চলছে। প্রতিমন্ত্রী আরও বলেন, শুধুমাত্র সন্তান লালনপালন করার জন্য অনেক মাকে চাকরি ছেড়ে দিতে হয়। ফলে কর্মক্ষেত্রে নারীর অংশগ্রহণ কমে যায়। এজন্যই ডে-কেয়ার স্থাপন করা হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ.৪,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৪)।

৯। শারদীয় দুর্গোৎসব শুরু আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী

ষষ্ঠীপূজার মধ্য দিয়ে আজ (১৫ অক্টোবর সোমবার) সূচনা ঘটছে হিন্দু ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় উৎসব শারদীয় দুর্গাপূজার। পাঁচদিনের এ উৎসব শেষ হবে ১৯ অক্টোবর শুক্রবার বিজয়া দশমীতে প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে। গতকাল (১৪ অক্টোবর রোববার) পূজামণ্ডপগুলোতে দেবী দুর্গার বোধন হয়েছে। দুর্গোৎসব উপলক্ষে পৃথক বাণীতে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা হিন্দু ধর্মাবলম্বীসহ দেশবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক. ১), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১)।

১০। শারদীয় দুর্গাপূজায় পর্যাপ্ত নিরাপত্তাব্যবস্থা গ্রহণ : ডিএমপি কমিশনার

শারদীয় দুর্গাপূজার নিরাপত্তায় পর্যাপ্ত নিরাপত্তাব্যবস্থা গ্রহণ করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ। দুর্গাপূজাকে ঘিরে কোনো ধরনের নিরাপত্তার হুমকি নেই। নিরাপত্তার স্বার্থে দুর্গাপূজায় পটকা, আতশবাজি ও মাদকের ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। আজান ও নামাজের সময় সকল ধরনের বাদ্যবাজনা বন্ধ থাকবে। এবার দুর্গাপূজার বিসর্জনের দিন শুক্রবার হওয়ায় ঐ দিন দুপুর-১২টা থেকে ২টা পর্যন্ত সকল ধরনের বাদ্যবাজনা স্থগিত থাকবে। গতকাল (১৪ অক্টোবর রোববার) শারদীয় দুর্গাপূজা উপলক্ষে রাজধানীর ঢাকেশ্বরী মন্দিরের নিরাপত্তাব্যবস্থা পরিদর্শনশেষে সাংবাদিকদের এ কথা বলেন ডিএমপি কমিশনার আছাদুজ্জামান মিয়া। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৫)।

১১। তথ্যপ্রযুক্তি খাতে ছয় পুরস্কার পেল বাংলাদেশ

চীনে অনুষ্ঠিত এশিয়া-প্যাসিফিক অঞ্চলের তথ্যপ্রযুক্তি খাতের অন্যতম আসর ‘এপিকটা অ্যাওয়ার্ডস-২০১৮’ এ একটি ক্যাটাগরিতে চ্যাম্পিয়নসহ ছয়টি পুরস্কার জিতেছে বাংলাদেশ। এছাড়াও অন্য ক্যাটাগরির পাঁচটি পুরস্কার এসেছে ‘মেরিট’ থেকে। এবার ১৫টি ইকোনমি থেকে ২৬৬টি প্রকল্প এপিকটা অ্যাওয়ার্ডসে অংশ নিয়েছে। বাংলাদেশের ৮১ সদস্যের প্রতিনিধিদল এপিকটা অ্যাওয়ার্ডসে অংশ নিয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৮), **যুগান্তর** (পৃ.৫,ক.২)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** রাজধানীতে ডেঙ্গুজ্বরের প্রকোপ উদ্বেগজনক হারে বেড়েছে উল্লেখ করে ডেঙ্গু প্রতিরোধে দ্রুত সমন্বিত উদ্যোগ নেওয়ার সুপারিশ।

খ. **জনকণ্ঠ** : পোল্ট্রিশিল্পের বিকাশসহ ডিমের উৎপাদন বাড়াতে এগ কমিশন গঠন করা হয়েছে উল্লেখ করে প্রোটিনের অন্যতম উৎস ডিমের দাম জনগণের ক্রয়ক্ষমতার মধ্যে থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **সমকাল :** ইলিশ মাছ ধরার নিষেধাজ্ঞার এক সপ্তাহ পেরিয়ে গেলেও জেলেদের কাছে প্রতিশ্রুতি অনুযায়ী ত্রাণের চাল পৌঁছায়নি উল্লেখ করে যথাসময়ে জেলেদের কাছে ত্রাণ পৌঁছানোর পাশাপাশি ইলিশের জন্য স্থায়ী অভয়ারণ্য গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ঘ. **সংবাদ :** মানবসম্পদ উন্নয়ন সূচকে ভারত-পাকিস্তানের চেয়ে এগিয়ে আছে বাংলাদেশ বিশ্বব্যাংকের এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে মানবসম্পদ উন্নয়নে আরও কাজ করার আহ্বান।

ঙ. **প্রথম আলো :** দুবাইয়ের শীর্ষ পর্যায়ের ফল ও সবজির বাজার আল-আভিরের ব্যবসায়ীদের ৭৫শতাংশ বাংলাদেশি, প্রতিদিন তারা প্রায় চার কোটি দিরহাম লেনদেন করেন উল্লেখ করে তাদের এ সাফল্য নিঃসন্দেহে অনুপ্রেরণাদায়ক বলে মতপ্রকাশ।

চ. **ডেইলি স্টার** : দেশের তরুণ প্রজন্মকে দক্ষ হিসেবে গড়ে তুলতে কারিগরি শিক্ষায় শিক্ষিত করার ওপর গুরুত্বারোপ।

ছ. **ইন্ডিপেনডেন্ট** : রাজধানী ভূমিকম্পের ঝুঁকির মধ্যে থাকায় এতে নির্মিত দালানগুলো যাতে ভূমিকম্প প্রতিরোধী করে গড়ে তোলা হয় সে ব্যাপারে নজর দেওয়ার সুপারিশ।

উপসম্পাদকীয়

আলোকিত বাংলাদেশ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ডিজিটাল ট্রান্সফারের মাধ্যমে আধুনিক প্রযুক্তি ব্যবহার করে দেশের অর্থ পরিশোধ ব্যবস্থায় স্বচ্ছতার পাশাপাশি গতিশীলতা আনা অনেকটাই সম্ভব।

নিবন্ধ ও ফিচার

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত **'শেখ হাসিনাই হতে পারেন জাতীয় ঐক্যের প্রতীক'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবর্তমানে নেতৃত্বহীন জাতিকে নেতৃত্ব দিয়ে মুক্তিযুদ্ধের চেতনা ও বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা পুনরুদ্ধারে দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা